

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)


স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.৩৭.০২৪.১৩-২০২২

তারিখঃ ০৬/১১/২০১৭ খ্রিঃ

শোক সংবাদ

গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, এ অধিদপ্তরের লক্ষ্মীপুর জেলা কার্যালয়ের জুনিয়র প্রশিক্ষক (পোষাক) জনাব জয়ন্তী সাহা লিভার ক্যান্সার রোগে আক্রান্ত হয়ে গত ১৪/১১/২০১৭ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সন্ধ্যা ৬.১০ ঘটিকার সময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতাল, ঢাকায় পরলোক গমন করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৩ বছর ১০ মাস ১৩ দিন। তিনি স্বামী, এক পুত্র এবং এক কন্যাসহ বহু গুণগ্রাহী রেখে গেছেন।

তার মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত। আমরা তার আত্মার স্বর্গীয় শান্তি কামনা করছি এবং শোক-সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি।

  
(মোঃ আনোয়ার হোসেন)  
মহাপরিচালক  
ফোনঃ ৯৫৫৯৩৮৯

বিতরণঃ

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক/কো-অর্ডিনেটর/অধ্যক্ষ/ডেপুটি কো-অর্ডিনেটর.....(সকল),  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব প্রশিক্ষণ কেন্দ্র,.....জেলা।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাকে আদেশটি ওয়েব  
সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৪। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৬। জনাব সুদর্শন চন্দ্র পাল, স্ত্রীঃ প্রয়াত জয়ন্তী সাহা, গ্রামঃ সমশেরাবাদ, ডাকঃ লক্ষ্মীপুর সদর,  
উপজেলাঃ সদর, জেলাঃ লক্ষ্মীপুর।
- ০৭। অফিস কপি।

তার অধীনস্থ সকলকে  
মৃত্যুর খবর অবহিত  
করে প্রয়াত কর্মচারীর  
বিদেহী আত্মার শান্তি  
কামনার জন্য অনুরোধ  
করা হলো।